বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

**নম্বর:** ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.১২

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিজ্ঞপ্তি/নোটিশ**

বিষয়: **অদ্য ২০২৩-২৪ অর্থ বছরের বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক পরিবীক্ষন কমিটির ১ম ত্রৈমাসিক সভার বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের "সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) বিষয়ক পরিবীক্ষন কমিটি " এর ২০২৩-২৪ অর্থ-বছরের ১ম ত্রৈমাসিক বৈঠক আগামী ১২/০৯/২০২৩ খ্রিঃ রোজ মঙ্গলবার সকাল ১০.৩০ ঘটিকায় অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষে (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭) অনুষ্ঠিত হবে। এতে সভাপতিত্ব করবেন উক্ত কমিটির আহ্বায়ক জনাব মোঃ ওয়াহিদ হোসেন; অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন এর দপ্তর, বাপাউবো, ঢাকা এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি। সঞ্চালনা করবেন কমিটির সদস্য-সচিব জনাব আবু সালে মোহাম্মদ তোফায়েল চৌধুরী; নির্বাহী প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
উক্ত পরিবীক্ষন কমিটির কর্মকর্তাদের যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

<u>সভার আলোচ্যসূচিঃ</u>
০১. বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরন।
০২. বিবিধ।

১০-০৯-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সেবা বক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো);
৪। নির্বাহী প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা এবং সদস্য, উক্ত কমিটি এবং
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত প্রধান প্রকৌশল (পুর), প্রশিক্ষন ও মানব সম্পদ উন্নয়ন
এর দপ্তর
পানি ভবন, ৭২,গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

----

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী |
| সভার তারিখ | ১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ। |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | পানি ভবন, লেভেল ১, রুম নং-১০৭ |
| উপস্থিতি | সংযুক্তি ১ সদয় দ্রস্টব্য। |

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার উপস্থিতি বিবেচ্য সংযুক্তি: Attachment 01 - Attendance on 12 sep 23.pdf, সদয় দ্রষ্টব্য। সভার শুরুতে সভাপতি মহোদয় বাপাউবো'র সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহের বিষয়ে আলোকপাত করেন এবং মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ এ অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমের ব্যাপারে মতামত উপস্থাপন করেন। অতঃপর কমিটির সদস্য, জনাব আবু নাসের মোঃ কাসেম, নির্বাহী প্রকৌশলী (পুর) মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) হালনাগাদকরণের ব্যাপারে তাঁর বক্তব্য উপস্থাপন করেন। এসময়ে তিনি অত্র অর্থ-বছরের জন্য বর্ণিত কার্যক্রমগুলো সময়মত ও যথাযথভাবে বাস্তবায়নপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতি মহোদয় বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম হালনাগাদকরনের বিষয়টি উপস্থাপন করেন। অত্র কমিটির সদস্য-সচিব জনাব আবু সালে মোহাম্মদ তোফায়েল চৌধুরী, নির্বাহী প্রকৌঃ, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা মহোদয় মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ বাপাউবো'র ওয়েবসাইটে আপলোডের বিষয়ে মতামত প্রদান করেন। কমিটির সকল সদস্য বিষয়টিতে একমত পোষন করেন। এছাড়া পূর্ববর্তী অর্থবছরের গৃহীত কার্যক্রমের অনুসরন ও অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা হয়।

উল্লিখিত বিষয় সমূহের উপর আলোচনা শেষে সকল সদস্যের সম্মতিক্রমে কমিটি নিম্নবর্ণীত সিদ্ধান্ত গ্রহণ করেঃ

১। বাপাউবো'র সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) তে বর্ণিত সেবাসমূহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণের নাম হালনাগাদ করতে হবে।

২। মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ বাপাউবো'র ওয়েবসাইটে আপলোড করতে হবে।

আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪-০৯-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৪২.০১.০০০০.০২৮.০৬.০০১.২১.১৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাপাউবো, ঢাকা এবং বিকল্প ফোকাল পয়েন্ট, বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি;
২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ( কার্যবিবরনীটি বোর্ডের ওয়েবসাইটে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে আপলোডের জন্য অনুরোধ জানানো হলো);
৩। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাপাউবো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। নির্বাহী প্রকৌশলী (পুর), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এবং
৫। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।

১৪-০৯-২০২৩
মোঃ ওয়াহিদ হোসেন
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**সকল সংযুক্তিসমূহ:**

(১) Attachment 01 - Attendance on 12 sep 23

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

"সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) পরিবীক্ষণ কমিটি" এর ২০২৩-২৪ অর্থ বছরের

১ম ত্রৈমাসিক সভা

তারিখঃ ১২ সেপ্টেম্বর, ২০২৩ ইং।

স্থানঃ অতিঃ প্রধান প্রকৌশলী (পুর), প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন মহোদয়ের কক্ষ (পানি ভবন, লেভেল-১, রুম-১০৭)

হাজিরা বিবরনী

| নাম ও পদবী | অফিস | স্বাক্ষর |
|---|---|---|
| মোঃ ওয়াহিদ হোসেন<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)<br>ও<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা,<br>বাপাউবো সেবা প্রদান প্রতিশ্রুতি | অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) এর দপ্তর,<br>প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন<br>বাপাউবো, ঢাকা। | [signature] ১২/৯/২৩ |
| আবু নাসের মোঃ কাসেম<br>নির্বাহী প্রকৌশলী (পুর) | মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর<br>বাপাউবো, ঢাকা। | [signature] ১২/০৯/২৩ |
| আবু সালে মোহাম্মদ তোফায়েল চৌধুরী<br>নির্বাহী প্রকৌশলী (পুর) | প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন<br>বাপাউবো, ঢাকা। | [signature] 12/09/2023 |